**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(সংস্থাপন শাখা)
www.bhola.gov.bd

**বিষয়ঃ** **জেলা নৈতিকতা কমিটি এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী
জেলা প্রশাসক, ভোলা।
তারিখঃ ২৭-০৯-২০২২ খ্রিঃ।
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।
স্থানঃ জেলা প্রশাসক, ভোলা এর অফিস কক্ষ।

**কমিটির উপস্থিত সদস্যগণের নামের তালিকা ও উপস্থিতির হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়ে; জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে ২০২২-২৩ অর্থবছরে এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার অন্যতম কার্যক্রম হলো জেলা নৈতিকতা কমিটি এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন করা। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা ২০২২-২৩ সালের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখার জন্য সকলকে অনুরোধ করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত অধিকতর সচেতন ও কার্যকর ব্যবস্থা গ্রহণ, ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহবান এবং উর্দ্ধতন অফিসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা যায়। | দৃঢ়ীকরণ করা হলো। | সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা |
| ২. সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব-স্ব শুদ্ধাচার কৌশল ওয়েবপোর্টালে আপলোডকরণ | ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী নৈতিকতা কমিটিরি সভা ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব-স্ব শুদ্ধাচার কৌশল ওয়েব-পোর্টালে আপলোড নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ক. নৈতিকতা কমিটির সভা ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করতে হবে।<br>খ. সভার কার্যবিবরণী ওয়েব-পোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। | সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর ভোলা এবং প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা। |
| ৩. বার্ষিক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণ | মন্ত্রিপরিষদ বিভাগের দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক কার্যালয়/মাঠ পর্যায়ের সরকারি অফিসের জন্য বার্ষিক শুদ্ধাচার কর্মপরিকল্পনা নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণ করতে হবে। | সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর ভোলা এবং কমিটির সদস্য (সকল) |

(চলমান পাতা-০২)

| আলোচসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪. সেবাবক্সে তথ্য সংযোজনের ফরম্যাট সংক্রান্ত আলোচনা | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং এ কার্যালয়ের আদলে শুদ্ধাচার সেবাবক্সসহ অন্যান্য সকল সেবাবক্সে তথ্য সংযোজনের ফরম্যাট হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং এ কার্যালয়ের আদলে শুদ্ধাচার সেবাবক্সসহ অন্যান্য সকল সেবাবক্সে তথ্য সংযোজনের ফরম্যাট হালনাগাদ করতে হবে। | সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর ভোলা এবং কমিটির সদস্য (সকল) |
| ৫. অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা সংক্রান্ত আলোচনা | সভায় জানানো হয় যে, অত্র কার্যালয়ের নাগরিক এবং অনলাইন অভিযোগ দ্রুত নিষ্পত্তি করা হয়। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অগ্রাধিকার প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। একই সাথে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | ক. নাগরিক এবং অনলাইন অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং<br>খ. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করতে হবে।<br>গ. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ বার্ষিক কর্ম পরিকল্পনা নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর ভোলা, কমিটির সদস্য (সকল) এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা |
| ৬. ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা | স্ব-স্ব বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০২২) প্রস্তুতকরতঃ উর্দ্ধতন অফিসে প্রেরণ করাসহ স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতকরে উর্দ্ধতন অফিসে প্রেরণ করাসহ স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর ভোলা এবং প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি রাষ্ট্র ও জনগণের স্বার্থে আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ২৭/০৯/২০২২

(মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী)
জেলা প্রশাসক
ভোলা।
☏: ০৪৯১-৬২৪০০
🖷: ০৪৯১-৬২৬২৬
e-mail: dcbhola@mopa.gov.bd

স্মারক নং: ০৫.১০.০৯০০.০০১.১৫.০০২.২০. ৬৪৮ তারিখঃ ১৪ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, (সকল)...................................................... ।
০৫. জেলা প্রশাসক, (সকল)........................................................... ।
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
০৭. .............................................................., ভোলা।
০৮. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
০৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ......................................., ভোলা।
১০. রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, ভোলা।
১১. সহকারী কমিশনার (ভূমি) (সকল),........................................, ভোলা।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল),..............................................., ভোলা।
১৩. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
১৪. অফিস কপি।

জেলা প্রশাসক
ভোলা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(নেজারত শাখা)
www.bhola.gov.bd

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩

এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০২২)

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | অর্জন |
|---|---|---|
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি) | উন্নত কর্ম-পরিবেশ | ১. স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়।<br>২. পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করা হয়েছে।<br>৩. মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে। |
| ২.১ ২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩১.০৭.২০২২ |
| ৩.৪ Clean Day | পরিদর্শন সম্পন্ন | ৩ |

(নেজারত ডেপুটি কালেক্টর)
ভোলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(ফ্রন্টডেস্ক শাখা)
www.bhola.gov.bd

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | অর্জন (জুলাই-সেপ্টেম্বর/২০২২) |
|---|---|---|
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ১০০% |

04/10/2022

(ভারপ্রাপ্ত কর্মকর্তা)
ফ্রন্টডেস্ক শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।

ভারপ্রাপ্ত কর্মকর্তা
সংস্থাপন শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(সাধারণ শাখা)।
www.bhola.gov.bd

স্মারক নং: ০৫.১০.০৯০০.০০৩.১৯.০০১.২০.৪৩৩০(২) তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯ / ২৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২২) এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র: স্মারক নং-০৫.১০.০৯০০.০২৫.০৯.০০৩.২২.২২৯ তারিখ: ২৯/০৯/২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২২-২৩ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর ২০২২) নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুতপূর্বক অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | অর্জন |
|---|---|---|
| ৩.২ শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা | কর্মশালা অনুষ্ঠিত | ১ |
| ৩.৩ সেমিনার ও কর্মশালার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | ১০০% |

২৯/০৯/২২

ভারপ্রাপ্ত কর্মকর্তা
সাধারণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।

ভারপ্রাপ্ত কর্মকর্তা
শিক্ষা শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।